

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪০.৪১.০৪৮.২২

তারিখ : _____ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: "ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ"-এর অনুকূলে অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদান।

সূত্র: (১) তাঁর কার্যালয়ের স্মারক নম্বর-০৫.১২.২৯০০.০১৪.১৬.১১৭.২১-৫৪৬/৪
(২) তাঁর কার্যালয়ের স্মারক নম্বর-০৫.১২.২৯০০.০১৪.১৬.১১৭.২২-৮২০/৪

তারিখ: ০৫/০৪/২০২২ খ্রিষ্টাব্দ।
তারিখ: ০২/০৬/২০২২ খ্রিষ্টাব্দ।

সূত্রস্থ স্মারকের প্রস্তাব ও সুপারিশের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ফরিদপুর সদর উপজেলার পৌরসভার অভ্যন্তরে ১১৮ নম্বর ফরিদপুর মৌজার বিএস ০১ নম্বর খতিয়ানভুক্ত ৭৬৮ দাগের ০.৮১৬৯ একর, ১২১০ দাগের ১.৪১৮১ একর একুনে ২.২৩৫০ (দুই দশমিক দুই তিন পঁচ শূন্য) একর নাল/ভিটা শ্রেণির খাস জমির ধার্যকৃত ১৫,৪৭,৬৪,৩৬২/- টাকার ১০% হারে ১,৫৪,৭৬,৪৩৬/- (এক কোটি চুয়ান্ন লক্ষ ছিয়াত্তর হাজার চারশত ছত্রিশ) টাকা সেলামির পরিবর্তে ১০,০০১/- (মাত্র দশ হাজার এক) টাকা প্রতীকীমূল্যে অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৫-এর ১০.০ অনুচ্ছেদ অনুযায়ী ব্যতিক্রমসাপেক্ষে "ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ"-এর অনুকূলে সরকার নিম্নবর্ণিত শর্তে দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- (ক) বর্ণিত জমি যে উদ্দেশ্যে বন্দোবস্ত প্রদান করা হয়েছে তা বন্দোবস্ত অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না;
- (খ) অকৃষি খাসজমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত সংক্রান্ত সরকারি আইন/অধ্যাদেশ/আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (গ) নির্দিষ্ট সময়ের মধ্যে জমির মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় বন্দোবস্ত বাতিল বলে গণ্য হবে;
- (ঘ) বন্দোবস্ত গ্রহণের পর কোনো প্রয়োজনীয় তথ্য গোপন রাখা বা শর্ত ভঙ্গের ঘটনা প্রকাশ হলে বন্দোবস্ত অনুমোদনকারী কর্তৃপক্ষ বন্দোবস্ত বাতিল ও প্রদত্ত মূল্য বাজেয়াপ্ত করতে পারবেন;
- (ঙ) সরকারের পূর্বানুমোদনক্রমে এই জমি হস্তান্তর করা হলে জমির বাজার মূল্যের ২৫% সরকারকে হস্তান্তর ফিস প্রদান করতে হবে;
- (চ) লিজ দলিলের কোনো শর্ত ভঙ্গ করলে বা অমান্য করলে এই বন্দোবস্ত বন্দোবস্ত-দাতা লিখিতভাবে একতরফা বাতিল করতে পারবেন;
- (ছ) দীর্ঘমেয়াদি বন্দোবস্তকৃত অকৃষি খাসজমির জন্য জেলা প্রশাসক আলাদা একটি খতিয়ান খুলবেন। সেই খতিয়ানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসকের নাম এবং জেলা প্রশাসকের নিচে বন্দোবস্ত প্রাপকের নাম লিপিবদ্ধ করতে হবে। তাছাড়া, বন্দোবস্তের মেয়াদ আরম্ভ ও শেষ হওয়ার তারিখ লিপিবদ্ধ থাকবে। এই দীর্ঘমেয়াদি বন্দোবস্তের ফলে বন্দোবস্ত গ্রহীতাকে সংশ্লিষ্ট জমির ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে;
- (জ) বন্দোবস্তকৃত জমি সম্পর্কে উদ্ভূত যে-কোনো বিতর্কিত বিষয়ে সরকারি সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (ঝ) ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০-এর ১০৪ অনুচ্ছেদ অনুসারে অকৃষি খাস জমির দীর্ঘমেয়াদি লিজচুক্তি বাংলাদেশ ফরম নম্বর ১০৮৮-গ অনুযায়ী সম্পাদন করতে হবে এবং ১০৫ অনুচ্ছেদ অনুযায়ী এই লিজ চুক্তি ৩০ বছরের জন্য সম্পাদিত হবে; যা ৯৯ বৎসর পর্যন্ত নবায়ন করার অধিকার থাকবে;
- (ঞ) ১৪/০৯/২০০৫ তারিখের ভূ:ম:/শা-৮/খাজব/৫০৩/২০০৫/৭৭৫(৬৪) নম্বর স্মারক অনুযায়ী অত্র মঞ্জুরিপত্র জারির ৯০ (নব্বই) দিনের মধ্যে বন্দোবস্তীয় জমির সালামির অর্থ আদায়, লিজ দলিল সম্পাদন ও রেজিস্ট্রি এবং জমির দখল হস্তান্তর করতে হবে।

২। দীর্ঘমেয়াদি বন্দোবস্ত মামলা নম্বর AC(L)XII-০২/২০২১-২০২২ এর মূল নথি এইসঙ্গে প্রেরণ করা হলো।

৩। এমতাবস্থায়, বন্দোবস্ত কার্যক্রম সম্পাদনপূর্বক ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: মূল কেস রেকর্ড পাতা।

স্বাক্ষরিত
(মঈনউল ইসলাম)
উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০০৬০১

ই-মেইল : khas1@minland.gov.bd


জেলা প্রশাসক
ফরিদপুর।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪০.৪১.০৪৮.২২ ২৬৭/১(১২)

তারিখ : ০৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর সদর, ফরিদপুর।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১০। অধ্যক্ষ, ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ১১। অফিস কপি/মাস্টার কপি।


(মঈনউল ইসলাম)
উপসচিব